তারিখ 01 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ১-৬

সমকাল

# শিক্ষকরা ডিজিটাল বাংলাদেশ গড়ার কারিগর

——— সাজেদা চৌধুরী

**■ নগরকান্দা (ফরিদপুর) প্রতিনিধি**

আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী বলেছেন, বঙ্গবন্ধুর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন ডিজিটাল বাংলাদেশ গড়ার কারিগর শিক্ষকরা। শিক্ষকদের প্রচেষ্টায় বাংলাদেশ আজ বিশ্বের কাছে মাথা উঁচু করে দাঁড়িয়েছে। দেশে শিক্ষার হার বেড়েছে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর রেকর্ড সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে নিজ নির্বাচনী এলাকা ফরিদপুরের নগরকান্দায় মাধ্যমিক স্তরের বাংলাদেশ শিক্ষক সমিতি নগরকান্দা উপজেলা শাখার আয়োজনে শিক্ষকদের সঙ্গে এক মতবিনিময় সভায় সাজেদা চৌধুরী এ কথা বলেন। তিনি বলেন, জননেত্রী শেখ হাসিনার সফল নেতৃত্বে ১ জানুয়ারিতে প্রত্যেক শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেওয়া হচ্ছে। তিনি নগরকান্দার উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, আমার শেষ জীবনের আশা নগরকান্দায় একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও নগরকান্দাকে জেলায় রূপান্তর করা।

উপজেলার প্রাণকেন্দ্র ঐতিহ্যবাহী এম এন একাডেমি মডেল স্কুল চত্বরে বাংলাদেশ শিক্ষক সমিতি নগরকান্দা শাখার সভাপতি বেলায়েত হোসেন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন সংসদ উপনেতার ছেলে সমাজসেবক উপজেলা আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা আয়মন আকবর বাবলু চৌধুরী। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এরাদুল হক, সহকারী পুলিশ সুপার এবিএম মহিউদ্দিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল আজিজ, পৌর মেয়র রায়হান উদ্দিন মিয়া, জেলা শিক্ষক সমিতির সভাপতি হায়দার হোসেন, উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন, সহসভাপতি মজিবুর রহমানসহ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা।